

ইতিহাসচর্চা

প্রসঙ্গ রাঢ়বাঁলা

দ্বিতীয় খণ্ড



পশ্চিমবঙ্গ আঞ্চলিক ইতিহাস ও লোকসংস্কৃতি চর্চা কেন্দ্র

রাঢ় মুর্শিদাবাদের অর্থনীতিতে বিড়ি শিল্পের প্রভাব

রাকিবুল ইসলাম

জ্যাসিস্ট্যান্ট প্রফেসর (ডব্লু.বি.ই.এস.); কালীগঞ্জ সরকারি মহাবিদ্যালয়; নদিয়া

মুর্শিদাবাদ ভারতের একটি ঐতিহাসিক জেলা। মুঘল শাসনকালে একটি দীর্ঘ সময়কাল এই মুর্শিদাবাদ বাংলা সুবার (বাংলা, বিহার ও ওড়িশা) রাজধানী ছিল। বহুগোর ইতিহাস প্রসিদ্ধ একদা সুবে বাংলার ঐতিহ্যমণ্ডিত মুর্শিদাবাদ বর্তমানে পশ্চিমবঙ্গের অন্যতম অনগ্রসর জেলা। খুব সংগতভাবেই বলা যায় দারিদ্র্য, নিরক্ষরতা এ জেলার মানুষের নিয়সন্ধী। আলোচনার মূল বিষয়ে প্রবেশের আগে মুর্শিদাবাদ জেলার ভৌগোলিক অবস্থান ও জনসম্পদ সম্পর্কে একটা সাধারণ ধারণা তুলে ধরা প্রয়োজন বলে মনে করছি। মুর্শিদাবাদ বর্তমান রূপটি নির্দিষ্ট হয় ১৮৭৯ সালে।^১ বর্তমান মুর্শিদাবাদ জেলার সীমা নির্দিষ্ট হয়েছে প্রশাসনিক প্রয়োজনে, ভৌগোলিক ভিত্তিতে নয়। ভারতের পশ্চিমবঙ্গের রাজ্যের উত্তরবঙ্গ ও দক্ষিণবঙ্গের মধ্যবর্তী স্থানে অবস্থিত গঙ্গা-ভাগীরথী-পদ্মা বিধৌত অঞ্চল হল মুর্শিদাবাদ জেলা, এর পূর্ব দিকে অধুনা বাংলাদেশ, পশ্চিমে রয়েছে বীরভূম জেলা, উত্তর ও উত্তর-পূর্বে গঙ্গা-পদ্মা এবং নদিয়া ও বর্ধমান জেলা। মুর্শিদাবাদ জেলার ভৌগোলিক অবস্থান হল অক্ষাংশ $২৩^{\circ}৪৩'$ থেকে $২৪^{\circ}৫২'$ উত্তর অক্ষাংশ এবং দ্রাঘিমাংশ $৮৭^{\circ}৪৯'$ পূর্ব থেকে $৮৮^{\circ}৪৪'$ পূর্বের মধ্যে। ২০১১ সালের আদমশুমারি অনুসারে মুর্শিদাবাদ জেলার মোট আয়তন ৫৩২৪ বর্গ কিমি, জনসংখ্যা ৭১,০৩৪০৭ জন, শিক্ষার হার ৬৬.৫৯%, জন সংখ্যা বৃদ্ধির হার ২১.০৯%,^২ অর্থনীতির কৃষিকাজ ও ‘বিদেশ খাটা’(ভিন্ন জেলা, রাজ্য, দেশ), কিছু কুটিরশিল্প, এই পরিসংখ্যান থেকে খুব সহজেই অনুমান করা যায় যে মুর্শিদাবাদ জেলার আর্থসামাজিক অবস্থা খুব নিম্নমানের।

জেলার মধ্যভাগ দিয়ে উত্তর-দক্ষিণে প্রবাহিত ভাগীরথী নদী মুর্শিদাবাদ জেলাকে প্রায় দুটি সমান ভাগে ভাগ করেছে। ভাগীরথীর পশ্চিমদিক অর্থাৎ দক্ষিণ তীরবর্তী ভূভাগ রাঢ় ও পূর্বদিক অর্থাৎ বাম তীরবর্তী অঞ্চল বাগড়ি নামে পরিচিত। এই দুটি অঞ্চলের ভূ-প্রকৃতি, জলবায়ু, অর্থনীতি, এমনকি জনগণের ধর্ম, সংস্কৃতি জীবনযাত্রায় যথেষ্ট পার্থক্য রয়েছে। অর্থাৎ মুর্শিদাবাদ প্রশাসনিক দিক থেকে একটি অঞ্চল হলেও ভৌগোলিক ও সাংস্কৃতিক দিক থেকে দুটি সম্পূর্ণ পৃথক দুটি অঞ্চল। পশ্চিম অর্থাৎ রাঢ় অংশ পার্শ্ববর্তী বর্ধমান, বীরভূম, বাঁকুড়া প্রভৃতি পশ্চিমবঙ্গের রাঢ় অঞ্চলের অবিচ্ছেদ্য অংশ, অন্যদিকে পূর্ব অর্থাৎ বাগড়ি অঞ্চল ভাগীরথীর পূর্বে অবস্থিত নদিয়া বাংলাদেশের যশোর প্রভৃতি